

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়

পুরাতন সংসদ ভবন
ঢাকা

পত্র সংখ্যা

তারিখ

০৩.০৮২.০২৭.০০.০০.০০১.২০১৫-৪৩৯

১৭.০৫.১৪২২ বঃ
০১.০৯.২০১৫ খ্রীঃ

বিষয় : নির্দিষ্ট স্থানে পশু জবাই কোরবানী এবং মানব স্বাস্থ্যের জন্য ক্ষতিকর স্টেরয়েড/হরমোন/ক্ষতিকর উপাদান দিয়ে পশু মোটাতাজাকরণ প্রতিরোধ প্রসংগে।

সূত্র : ক) প্রধানমন্ত্রীর কার্যালয়ের ২৯ জুলাই ২০১৫ তারিখের ০৩.০৮২.০২৭.০০.০০.০০১.২০১৫-৩৪৭ নং পত্র।
খ) প্রধানমন্ত্রীর কার্যালয়ের ১০ আগস্ট ২০১৫ তারিখের ০৩.০৮২.০২৭.০০.০০.০০১.২০১৫-৩৯২ নং পত্র।


উপর্যুক্ত বিষয়ে সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে জানানো যাচ্ছে যে, সুদ্রোস্থ স্মারকদ্বয়ে প্রত্যেক সিটি কর্পোরেশন/পৌরসভা/জেলা সদরে নির্দিষ্টকৃত স্থানে পশু জবাই/কোরবানীর ব্যবস্থা করার অনুরোধ করা হয়েছিল। অবিকল্প কর্তৃপক্ষ এ মর্মে সিদ্ধান্ত প্রদান করেছে যে, মানব স্বাস্থ্যের জন্য ক্ষতিকর স্টেরয়েড/হরমোন/অন্য কোন ক্ষতিকর উপাদান দিয়ে পশু মোটাতাজাকরণ করতে না পারে সে বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।

২। এমতাবস্থায়, নিম্নবর্ণিত বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন :-

- প্রত্যেক সিটি কর্পোরেশন/পৌরসভা/জেলা সদরে নির্দিষ্টকৃত স্থানে পশু জবাই/কোরবানী নিশ্চিত করা;
- আসন্ন কোরবানী উপলক্ষে কোন পশুর হাটে যেন এধরনের ক্ষতিকর স্টেরয়েড/হরমোন/অন্য কোন ক্ষতিকর উপাদান দিয়ে মোটাতাজা করা পশু বিক্রি করতে না পারে সে জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
- প্রয়োজনে ড্রাম্যমান আদালত পরিচালনা করা;
- স্থানীয় সরকার প্রতিষ্ঠান কর্তৃক নির্দিষ্ট স্থানে পশু জবাই/কোরবানী নিশ্চিত করার জন্য কৌশল নির্ধারণ করা ও স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সমন্বয় করা;
- এ বিষয়ে নাগরিকদের মাঝে সচেতনতা তৈরীর জন্য গণমাধ্যম ও সোশ্যাল মিডিয়াতে বিষয়টি ব্যাপক প্রচার করা;
- জনগণকে উদ্বুদ্ধ করার জন্য মসজিদের ইমাম, স্থানীয় জনপ্রতিনিধি, শিক্ষা প্রতিষ্ঠানসমূহ কাজে লাগানো;

৩। উল্লেখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক গৃহীত কার্যক্রম আগামী ০৭/০৮/২০১৫ তারিখের মধ্যে এ কার্যালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।


(ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর)

পরিচালক (প্রশাসন)

ফোন : ৯১১৪২৭০

ই-মেইল : diradmin@pmo.gov.bd

বিতরণ কার্যার্থে (জেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, মৎস্য ও প্রাণী সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। বিভাগীয় কমিশনার (সকল)।
- ৬। জেলা প্রশাসক (সকল)।
- ৭। মুখ্য সচিব/সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা (মুখ্য সচিব/সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

সুদ্রোস্থ স্মারকদ্বয়ের সাথে সংশ্লিষ্ট

ঈদের পূর্বে এ বিষয়টি বিভিন্ন গণমাধ্যমে
ব্যাপক প্রচারের অনুরোধসহ